



দুর্নীতির অভিযোগ ঘিরে নেপালের স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ



সুধন গুরুং। ছবি: সংগৃহীত

দুর্নীতিতে জড়িত এক ব্যবসায়ীর সঙ্গে সম্পর্ক ও বিনিয়োগ সংক্রান্ত বিতর্কের প্রেক্ষিতে দায়িত্ব নেওয়ার এক মাসও পার না হতেই পদত্যাগ করেছেন নেপালের স্বরাষ্ট্রমন্ত্রী সুধন গুরুং। বুধবার (২২ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি এ সিদ্ধান্তের কথা জানান। নিজের পোস্টে গুরুং উল্লেখ করেন, তার বিরুদ্ধে ওঠা অভিযোগগুলো নিরপেক্ষভাবে তদন্তের সুযোগ করে দিতেই তিনি সরে দাঁড়াচ্ছেন। একই সঙ্গে তিনি বলেন, দায়িত্বে থাকলে তদন্তে কোনো ধরনের প্রভাব বা স্বার্থের সংঘাত তৈরি হতে পারে—এমন আশঙ্কা থেকেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি আরও জানান, শেয়ারবাজারে বিনিয়োগসহ বিভিন্ন ব্যবসায়িক কার্যক্রম নিয়ে জনমনে যে প্রশ্ন তৈরি হয়েছে, তা তিনি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়েছেন। বিস্তারিত আসছে...

LENS ASIA